

## ইতিহাস, মিশন, ভিশন ও কার্যাবলি:

**ইতিহাস (History):** কুমিল্লাস্থ আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তরটি কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া এই তিনটি জেলা নিয়ে ১৯৭৫ সাল থেকে অত্র অঞ্চলের আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সংশ্লিষ্ট সকল রকম সেবা প্রদান করে আসছে। ১লা জুলাই ২০১৯ সাল হতে দপ্তরের সেবাসমূহ সম্পূর্ণ অনলাইন ভিত্তিতে পরিচালিত হওয়ায় সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। অনলাইনে দ্রুততম সময়ের মধ্যে সেবাগ্রহীতাগণ সেবা প্রাপ্তির ফলে সেবা সহজীকরণ এবং সরকারের রাজস্ব প্রাপ্তি বৃদ্ধি পেয়েছে। দেশের গুরুত্বপূর্ণ আখাউড়া স্থলবন্দর ও বিবিরবাজার স্থলবন্দর দুইটি অত্র দপ্তরের আওতাধীন। তাছাড়া অত্র অঞ্চলে বিসিক ও ইপিজেড থাকায় নতুন নতুন উদ্যোক্তা ও আমদানি-রপ্তানিকারকের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**মিশন (Mission):** অনলাইন সেবা প্রদান পদ্ধতি সহজীকরণ, আধুনিকীকরণ ও যুগোপযোগীকরণের মাধ্যমে ব্যবসা বান্ধব পরিবেশ তৈরি।

**ভিশন (Vision):** নিবন্ধনসহ অন্যান্য সেবা কার্যক্রম বিশ্বমানের উন্নতিকরণ।

### কার্যাবলি:

- ❖ The Importers, Exporters and Indentors (Registration) Orders, 1981 এর আওতায় বাণিজ্যিক ও শিল্প আমদানিকারকদের অনুকূলে আইআরসি (IRC), ইআরসি (ERC) এবং ইন্ডেন্টিং সনদপত্র (Indenting registration Certificate) জারিকারন, নবায়ন ও বিধি বহির্ভূত কাজের জন্য নিবন্ধন সনদপত্র স্থগিত/বাতিলকরন;
- ❖ সেবাগ্রহীতাদের দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদানের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতার পাশাপাশি সরকারের রাজস্ব আয় বৃদ্ধি;
- ❖ বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানের কারখানা পরিদর্শন, নিবন্ধন সনদ প্রাপ্তির সম্ভাব্যতা যাচাইপূর্বক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ❖ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নিবন্ধন সনদের নাম, ঠিকানা, মূল্যসীমা পরিবর্তনসহ নিবন্ধন বাতিল ও গণবিজ্ঞপ্তি জারিকরণ।